আশুলিয়ায় ফের শ্রমিক বিক্ষোভ, পুলিশের সঙ্গে ধাওয়া-পাল্টাধাওয়া



ছবি: সংগৃহীত

ন্যূনতম মজুরি ৩০ হাজার টাকা করার দাবিতে ঢাকার আশুলিয়ায় আবারও সড়কে নামার চেষ্টা করেছেন পোশাকশ্রমিকরা। এ নিয়ে পুলিশের সঙ্গে তাঁদের ধাওয়া-পাল্টাধাওয়ার ঘটনা ঘটেছে। পরিস্থিতি সামাল দিতে শিল্পাঞ্চলের ১৫টি পোশাক কারখানায় সাধারণ ছুটি ঘোষণা করেছে কর্তৃপক্ষ।

বুধবার (১১ নভেম্বর) সকালে শ্রমিকরা প্রতিদিনের মতো কারখানায় কাজে যোগ দিতে যান। তবে শারমিন গ্রুপ, নেক্সট কালেকশন ও ইয়াগি বাংলাদেশ লিমিটেডসহ কয়েকটি কারখানার শ্রমিকরা কাজে না গিয়ে কারখানার নিচে অবস্থান নেন। পরে এসব কারখানায় ছুটি ঘোষণা করা হয়।

পুলিশের তথ্য অনুযায়ী, সকালে কয়েকটি কারখানায় ছুটি ঘোষণার পর শ্রমিকদের একটি অংশ বাইপাইল-আবদুল্লাহপুর সড়কের বেরন ছয়তলা এলাকায় জড়ো হয়ে সড়ক অবরোধের চেষ্টা করেন। পুলিশ তাঁদের সেখান থেকে সরিয়ে দেওয়ার উদ্যোগ নিলে শিল্প পুলিশ-১-এর একটি এপিসিতে হামলার ঘটনা ঘটে।

এরপর পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে পুলিশ টিয়ার গ্যাস ও সাউন্ড গ্রেনেড ছোড়ে। এতে শ্রমিকরা সড়ক ছেড়ে বিভিন্ন গলিতে ছড়িয়ে পড়েন। সেখান থেকেও তাঁরা পুলিশকে লক্ষ্য করে ইটপাটকেল নিক্ষেপ করেন। পরে পুলিশ সদস্যরা গলিতে গিয়ে সাউন্ড গ্রেনেড ছোড়েন।

এ ঘটনায় আশুলিয়ার শিল্পাঞ্চলে উত্তেজনা ছড়িয়ে পড়েছে। শ্রমিকদের একটি অংশ বিভিন্ন অলিগলিতে অবস্থান করায় এলাকায় থমথমে পরিস্থিতি বিরাজ করছে।